
যুদ্ধবিরতি উপেক্ষা করে গাজায় ইসরায়েলি হামলা, নিহত ১



ছবি: আল জাজিরা।

ফিলিস্তিনের গাজা উপত্যকার দক্ষিণাঞ্চলীয় খান ইউনিসের আল-মাওয়াসি এলাকায় ইসরায়েলি ড্রোন হামলায় অন্তত একজন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও দুজন। নাসের মেডিকেল কমপ্লেক্সে ইসরায়েলি হামলায় ছয়জন নিহত হওয়ার কয়েক দিনের মধ্যেই নতুন করে এ হামলার ঘটনা ঘটল।

যুদ্ধবিরতি কার্যকর থাকলেও গাজায় হামাসের নেতাদের লক্ষ্য করে সামরিক অভিযান চালিয়ে যাচ্ছে ইসরায়েল। এর মধ্যে হামাসের রাফাহ ব্রিগেডের কমান্ডার সামির আবু ইউনিস নিহত হওয়ার খবর নিশ্চিত করেছে সংগঠনটি। তিনি আবু মাহমুদ নামেও পরিচিত ছিলেন।

ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ জানিয়েছেন, গাজায় দেশটির আক্রমণাত্মক নীতি অব্যাহত থাকবে। উপত্যকাটিকে নিরস্ত্রীকরণ এবং হামাসকে নির্মূল না করা পর্যন্ত এই অবস্থান থেকে সরে আসবে না ইসরায়েল।

এর আগে গত বৃহস্পতিবার গাজার নাসের মেডিকেল কমপ্লেক্সে হামলা চালায় ইসরায়েলি বাহিনী। ইসরায়েলের দাবি, হাসপাতালটিতে অবস্থানরত হামাসের খান ইউনিস ব্রিগেডের কমান্ডার মুহাম্মদ আবু ইসমাইল ও কয়েকজন যোদ্ধাকে লক্ষ্য করে অভিযানটি চালানো হয়। তবে ওই হামলায় চিকিৎসক ও এক শিশুসহ ছয়জন নিহত হন।

হাসপাতালে হামলার ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছে হামাস। সংগঠনটি একে যুদ্ধাপরাধ বলে অভিহিত করেছে। তাদের অভিযোগ, হামাস সদস্যদের লক্ষ্যবস্তু করার দাবি তুলে আন্তর্জাতিক আইন অনুযায়ী সুরক্ষিত বেসামরিক চিকিৎসাকেন্দ্রে হামলার দায় এড়ানোর চেষ্টা করছে ইসরায়েল।

গাজার স্বাস্থ্য কর্তৃপক্ষের তথ্য অনুযায়ী, যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর থেকে ইসরায়েলি হামলায় অন্তত ১ হাজার ৬০০ ফিলিস্তিনি নিহত হয়েছেন।